

# কিনা পয়সায় বিশ্বভ্রমণ!!

নামূলীন মুলতানা মিত্র



কি ব্যাপার প্লটো? ব্যাগ ট্যাগ নিয়ে ক'ই যাও?

হেহেহে!  
বেড়াতে যাই!  
বিশ্বভ্রমণ!



দেশে দেশে ঘুরে বেড়াব,  
ইবনে বতুতা স্টাইলে!




হেহ! খরচ জানো?  
বিমানের টিকেট ভাড়া  
দিলেই তো ফতুর হয়ে যাবে!

মুহাযাহা! ফ্লি যাব-  
একদম ফ্লিইই!

মানে??



মানে কিনা- পৃথিবী তো ঘুরছে,  
তাই না? এখন আমি যদি  
কোনমতে লাফ দিয়ে আকাশে  
উঠে যেতে পারি, আবার নেমে  
আমতে আমতে পৃথিবী তো  
বেশ খানিকটা ঘুরে আসবে?




তার মানে আমি পড়ব  
এসে অন্য কোন জায়গায়,  
অন্য কোন দেশে!

জিমা টিকেটের বালাই  
নাহ, দেশে দেশে ঘুরে  
বেড়াব এভাবে-  
কেমন দারুণ হবে বল!



পৃথিবী ঘুরছে তার বায়ুমণ্ডল, পশুপাখি ইত্যাদি সমস্ত কিছু সহ, ঘুরছি আমরাও—

কাজেই লাফ দিয়ে বায়ুমণ্ডলে উঠে গেলেও তুমি এই ঘূর্ণনরত সিস্টেমের মধ্যে থেকে বেরুতে পারবে না।



যখন তুমি উপরের দিকে লাফ দাও, তখন কিন্তু এই ভূমি বরাবর গতি বাতিল হয়ে যায় না, নিউটনের প্রথম গতিসূত্র মনে আছে নিশ্চয়ই!



কাজেই তুমি হয়ত ভাবছ তুমি সোজা উপরের দিকে লাফ দিচ্ছ, কিন্তু আসলে তোমার দুইরকম গতি তোমাকে ঠিক সোজা উপরের দিকে লাফ দিতে দিচ্ছে না। বরং তুমি আসলে লাফ দিচ্ছ একটু বাঁকা ভাবে।

